গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম
www.chc.gov.bd

**[ প্রশাসন শাখা ]**

নথি নং: ২৮(৩০)কাস/৯৮-৯৯-২০০১-২০০৪/১১৯১৮(কাস) তারিখ: ২৮ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ। / ১২ আগস্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**বিষয়: অ্যাসেসমেন্ট কমিটি (পণ্যের শ্রেণিবিন্যাস, শুল্ক-কর হার নিরূপণ, শুল্কায়ন ও শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণ সংক্রান্ত) গঠন ও এর কার্যপদ্ধতি সংক্রান্ত স্থায়ী আদেশ।**

## স্থায়ী আদেশ নং-০১/২০২৬

কাস্টমস হাউস, চট্টগ্রাম এর অ্যাসেসমেন্ট কমিটি (পণ্যের শ্রেণিবিন্যাস, শুল্ক-কর হার নিরূপণ, শুল্কায়ন ও শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণ সংক্রান্ত) বিষয়ক ইতোপূর্বে জারিকৃত সকল আদেশ বাতিলপূর্বক কমিটি গঠন, সভা অনুষ্ঠান, কার্যবিবরণী জারিসহ এ বিষয়ক কার্যপদ্ধতি সুশৃঙ্খল, নিয়মাবদ্ধ ও দ্রুততর করতে নিম্নোক্ত স্থায়ী আদেশ জারি করা হলো:

পণ্যের শ্রেণিবিন্যাস, শুল্ক-কর হার নিরূপণ, শুল্কায়ন ও শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণ সংক্রান্ত মতপার্থক্য ও জটিলতার উদ্ভব হলে তা নিরসনপূর্বক পণ্যচালান খালাস প্রক্রিয়া গতিশীল করতে সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনাপূর্বক সুনির্দিষ্ট ও আইনানুগ সিদ্ধান্ত গ্রহণের জন্য নিম্নোক্তরূপে অ্যাসেসমেন্ট কমিটি (পণ্যের শ্রেণিবিন্যাস, শুল্ক-কর হার নিরূপণ, শুল্কায়ন ও শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণ সংক্রান্ত) গঠন করা হলো:

| ক্রঃ নং | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, চট্টগ্রাম | আহ্বায়ক |
| ০২ | অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস-১, কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য ও সভাপ্রধান |
| ০৩ | অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস (অন্যান্য সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য |
| ০৪ | জয়েন্ট কমিশনার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য |
| ০৫ | ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (আইন), কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য |
| ০৬ | ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (এআইআর), কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ০৭ | ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (আনস্টাফিং), কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ০৮ | ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম | সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ০৯ | ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম | সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ১০ | ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা), কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য-সচিব (সংশ্লিষ্ট ক্ষেত্রে) |
| ১১ | ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (সংশ্লিষ্ট অ্যাকাডেমিক/টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড), কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য |
| ১২ | আইসিটি কর্মকর্তা (সহকারী প্রোগ্রামার বা তদূর্ধ্ব), কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ১৩ | রেভিনিউ অফিসার অব কাস্টমস (সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা), কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য |
| ১৪ | অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস (সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা), কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য |
| ১৫ | রাসায়নিক পরীক্ষক, কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ১৬ | কনসাইনমেন্ট সংশ্লিষ্ট আমদানিকারক বা তাঁর প্রতিনিধি | সদস্য |
| ১৭ | কনসাইনমেন্ট সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট বা তাঁর প্রতিনিধি | সদস্য |

| | | |
|---|---|---|
| ১৮ | চিটাগাং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এর প্রতিনিধি | সদস্য |
| ১৯ | চট্টগ্রাম কাস্টমস এজেন্টস অ্যাসোসিয়েশন এর প্রতিনিধি | সদস্য |

০২। কমিটির কার্যপরিধি নিম্নরূপ:

(১) আমদানি পণ্যের সকল ধরনের শ্রেণিবিন্যাস ও মূল্য নিরূপণ সংক্রান্ত মতপার্থক্যের ক্ষেত্রে সংশ্লিষ্ট অংশীজনদের সাথে আলোচনা করে বিদ্যমান আইন, বিধিমালা, এসআরও, আদেশ, ব্যাখ্যাপত্র, বাংলাদেশ কাস্টমস ট্যারিফ (BCT), General Rules for the Interpretation of the Harmonized System (GIR), World Customs Organization (WCO) প্রণীত Explanatory Notes ও Classification Decisions, শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রণীত অ্যাডভান্স রুলিং, অন্যান্য দেশের কাস্টমস রুলিং, দেশের অন্যান্য কাস্টমস হাউস ও স্টেশনের অ্যাসেসমেন্ট কমিটির সিদ্ধান্ত পর্যালোচনা এবং আমদানি ম্যানিফেস্ট, বিল অব এন্ট্রি (SAD), পণ্যচালান সংশ্লিষ্ট এলসি/এলসিএ/কন্ট্রাক্ট/সেলস কন্ট্রাক্ট/পারচেজ অর্ডার/পারচেজ অ্যাগ্রিমেন্ট/আইনগত এখতিয়ারসম্পন্ন কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত আইপি/সিপি/অন্যান্য দলিলপত্র, প্রোফর্মা ইনভয়েস, বিল অব লেডিং (বিএল), কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট, প্যাকেজ নম্বর-ভিত্তিক ডিটেইলড প্যাকিং লিস্ট, লোডিং ডিটেইলস/বিল অব কোয়ান্টিটি (প্রযোজ্য ক্ষেত্রে), কান্ট্রি অব অরিজিন সার্টিফিকেট, টেস্ট রিপোর্ট, অন্যান্য কমপ্লায়েন্স সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), কায়িক পরীক্ষণ প্রতিবেদন (পরীক্ষণ হলে), পণ্যের স্পেসিফিকেশন, পণ্যের রঙ্গিন ক্যাটালগ/ব্রশিউর/বুকলেট/লিফলেট, কেমিক্যালের ক্ষেত্রে সংশ্লিষ্ট ডকুমেন্ট (Safety Data Sheet (SDS), Technical Data Sheet (TDS), Chemical Literature, Certificate of Analysis (COA), Bill of Materials (BOM)), প্রজেক্ট প্রোফাইল/প্রজেক্ট প্ল্যান/লে-আউট প্ল্যান/ডিটেইল প্রজেক্ট স্পেসিফিকেশন/লেআউট ডিজাইন, ড্রইং/ইঞ্জিনিয়ারিং ড্রইং, কাস্টমস কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত নমুনা (উত্তোলনযোগ্য হলে) ও নমুনার রঙ্গিন ছবি ও ক্যাটালগ, সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ মতামত ও প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ;

(২) অন্যান্য কাস্টমস হাউস/স্টেশনে গঠিত অ্যাসেসমেন্ট কমিটির সাথে পারস্পরিক যোগাযোগ এবং তথ্য-প্রযুক্তির সহায়তায় দ্রুত সঠিক সিদ্ধান্ত গ্রহণ;

(৩) কমিশনার অব কাস্টমস কর্তৃক প্রেরিত প্রাসঙ্গিক কোনো বিষয় কমিটিতে আলোচনা-পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ;

(৪) সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ কার্যবিবরণী আকারে জারিপূর্বক এর অনুলিপি এ দপ্তরের ওয়েবসাইটে আপলোডকরণ এবং জাতীয় রাজস্ব বোর্ড এ ডাকযোগে ও ইমেইলে এবং সকল কাস্টমস হাউস/স্টেশন ও সংশ্লিষ্ট অংশীজনদেরকে ইমেইলে প্রেরণ।

০৩। আমদানিকারক বা তাঁর প্রতিনিধি কর্তৃক কোনো বিষয় অ্যাসেসমেন্ট কমিটির সভায় আলোচনার জন্য কমিটির আহ্বায়ক বরাবর আবেদন **(পরিশিষ্ট-১ অনুসারে)** করা হলে সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখার ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস এর নেতৃত্বে উক্ত শাখা/শুল্কায়ন শাখা তা যাচাই-বাছাই ও পরীক্ষা-নিরীক্ষাপূর্বক বিকল্প বিরোধ নিষ্পত্তির ধারণাগত দিক থেকে বিষয়টি শাখা পর্যায়ে নিষ্পত্তি করার চেষ্টা করবে। যদি তা সম্ভব না হয় তবে আইন, বিধি এবং সংশ্লিষ্ট দলিল পরীক্ষা-নিরীক্ষাপূর্বক কমিটির সভায় উত্থাপনযোগ্য হলে কার্যপত্রসহ **(পরিশিষ্ট-৬ এর আদলে)** শাখা/শুল্কায়ন শাখা সংশ্লিষ্ট নথিতে কমিশনার অব কাস্টমস এর অনুমোদনক্রমে সভাপ্রধান সভার দিনক্ষণ নির্ধারণ করবে। তবে, শুল্কায়ন শাখাও একইভাবে কোনো বিষয় সভায় উপস্থাপনের জন্য আবেদন করতে পারবে। আমদানিকারক বা তাঁর প্রতিনিধি কোনো কারণে সভার নির্ধারিত দিনে উপস্থিত হতে না পারলে অথবা অন্য কোনো কারণে সর্বোচ্চ ০৩ (তিন) বার সময় বর্ধনের আবেদন **(পরিশিষ্ট-৩ অনুসারে)** করতে পারবে। আবেদন ফরমের ওয়ার্ডকপি এ দপ্তরের ওয়েবসাইটের (www.chc.gov.bd) 'ফরমসমূহ' মেন্যু থেকে পাওয়া যাবে।

০৪। সাধারণত প্রতি সপ্তাহে ০২ (দুই) দিন অ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হবে। কমিটির আহ্বায়কের পক্ষে সভাপ্রধান হিসাবে অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস-১ সভা পরিচালনা করবে। অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস-১ এর অনুপস্থিতিতে এ দপ্তরের পরবর্তী জ্যেষ্ঠতম কর্মকর্তা সভাপ্রধান হিসাবে দায়িত্ব পালন করবে। কমিটির আহ্বায়ক/সভাপ্রধানের আমন্ত্রণে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ

ব্যক্তি/ব্যক্তিবর্গ সভায় উপস্থিত হয়ে বক্তব্য/মতামত প্রদান করতে পারবেন। বিষয়-সংশ্লিষ্ট প্রযোজ্য সদস্যগণের সভায় উপস্থিত থাকার প্রয়োজন হলে সভার নোটিশে তা উল্লেখ করতে হবে। সভায় আলোচনার জন্য আবেদন দাখিল **(পরিশিষ্ট-১ অনুসারে)**, সভার নোটিশ জারি, সভা অনুষ্ঠান, কার্যবিবরণীর খসড়া প্রণয়ন, খসড়া চূড়ান্তকরণ, কার্যবিবরণী স্বাক্ষর ও জারির ক্ষেত্রে, যতদূর সম্ভব, নিম্নবর্ণিত ছকে উল্লিখিত সময়সীমা অনুসরণ করতে হবে:

| ক্রঃ নং | কার্যক্রম | সময়সীমা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | আমদানিকারক বা তাঁর প্রতিনিধি বা শুল্কায়ন শাখা কর্তৃক সভায় আলোচনার জন্য আবেদন দাখিল (পরিশিষ্ট-১ অনুসারে) | সভা অনুষ্ঠানের অন্তত ০২ (দুই) কার্যদিবস পূর্বে। | |
| ০২ | সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা কর্তৃক আবেদন যাচাই-বাছাইপূর্বক মতামতসহ কার্যপত্র প্রণয়ন (পরিশিষ্ট-৬ এর আদলে) | সভা অনুষ্ঠানের পূর্বের দিনের মধ্যে। | |
| ০৩ | কমিটির আহ্বায়কের অনুমোদক্রমে সভাপ্রধান কর্তৃক নির্ধারিত দিনের সভার নোটিশ জারি (পরিশিষ্ট-২ অনুসারে) | সভা অনুষ্ঠানের পূর্বের দিনের মধ্যে। | |
| ০৪ | সভা অনুষ্ঠান | সপ্তাহে ০২ (দুই) দিন; সাধারণত সোমবার ও বুধবার। তবে উক্ত দিনসমূহে সরকারি বন্ধ থাকলে পরবর্তী কার্যদিবস অথবা সুবিধাজনক দিনে। | |
| ০৫ | কার্যবিবরণীর খসড়া প্রণয়ন | সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা কর্তৃক পরবর্তী ০২ (দুই) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনারের নিকট পেশ। | |
| ০৬ | খসড়া চূড়ান্তকরণ | ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার কর্তৃক ০১ (এক) কার্যদিবসের মধ্যে। | |
| ০৭ | কার্যবিবরণী স্বাক্ষরকরণ | পরবর্তী কার্যদিবসের মধ্যে। | |
| ০৮ | কার্যবিবরণী জারি | কমিশনার অব কাস্টমস কর্তৃক অনুমোদনের দিনে। | |
| ০৯ | কার্যবিবরণী এ দপ্তরের ওয়েবসাইটে আপলোডকরণ এবং জাতীয় রাজস্ব বোর্ড সহ সকল কাস্টমস হাউস/স্টেশনে প্রেরণ | পরবর্তী কার্যদিবসের মধ্যে। | |

০৫। একটি অ্যাসেসমেন্ট কমিটির সভায় একাধিক বিষয় (এজেন্ডা) আলোচিত হতে পারবে। তবে, এক্ষেত্রে এজেন্ডাভিত্তিক পৃথক কার্যবিবরণী জারি করতে হবে। অ্যাসেসমেন্ট কমিটির সভার কোরাম হবে সভাপ্রধান, সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখার ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার, আমদানিকারক বা তাঁর প্রতিনিধি এবং সিএন্ডএফ এজেন্ট ব্যতীত বাকি সদস্যগণের ৩৩ শতাংশ। কমিটির সদস্য হিসাবে উল্লিখিত কর্মকর্তাগণের ছুটির প্রতিস্থাপক কর্মকর্তার উপস্থিতিতেও সভার কোরাম পূরণ হবে। কোরাম বিষয়ক এই নীতি কার্যবিবরণী স্বাক্ষরের ক্ষেত্রেও প্রযোজ্য হবে। সভায় আমদানিকারক বা তাঁর প্রতিনিধি এবং সিএন্ডএফ এজেন্ট উপস্থিত না থাকলে সংশ্লিষ্ট আবেদন আলোচনার জন্য উত্থাপন করা যাবে না। সভায় কোনো বিষয়ে প্রয়োজনে সদস্যগণের সংখ্যাধিক্য ভোটের মাধ্যমে সিদ্ধান্তে উপনীত হওয়া যাবে। এক্ষেত্রে ভোটের সংখ্যায় সমতা হলে সভাপ্রধান একটি অতিরিক্ত নির্ণায়ক ভোট (কাস্টিং ভোট) প্রদান করতে পারবে। কনসাইনমেন্ট-ভিত্তিক আলোচনা ব্যতীত সাধারণ কোনো ইস্যু/বিষয় সভায় উত্থাপিত হলে এবং একাধিক আমদানিকারক বা তাঁর প্রতিনিধি তথায় উপস্থিত থাকলে সকলে/ইচ্ছুকগণ কার্যবিবরণীতে স্বাক্ষর করতে পারবে, তবে সদস্য হিসাবে তাদের ভোটাধিকার থাকবে না। সভায় আলোচনা শেষে আবেদনকারী বা তাঁর প্রতিনিধিকে সভার সিদ্ধান্তের মূল অংশ মৌখিকভাবে জানিয়ে দিতে হবে।

০৬। কার্যবিবরণীর চূড়ান্ত খসড়া কমিশনার অব কাস্টমস কর্তৃক অনুমোদনক্রমে স্মারক নম্বরসহ জারি হবে। উক্ত কার্যবিবরণীটি আলোচ্য বিষয়, পণ্য ঘোষণা সংক্রান্ত বিবরণ, অ্যাসেসমেন্ট কমিটির সভায় উপস্থাপনের কারণ, শাখা/শুল্কায়ন শাখা পর্যায়ে বিষয়টি নিষ্পত্তি না হওয়ার কারণ, আমদানিকারকের আবেদন ও বক্তব্য, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের বক্তব্য (প্রযোজ্য ক্ষেত্রে), অন্যান্য দপ্তর/কর্তৃপক্ষের বক্তব্য (প্রযোজ্য ক্ষেত্রে), শাখা/শুল্কায়ন শাখার বক্তব্য, পর্যালোচনা ও সিদ্ধান্ত অংশে সন্নিবেশিত থাকবে **(পরিশিষ্ট-৬ অনুসারে)**। সভায় কোনো পণ্যচালান বিষয়ে টেস্ট রিপোর্ট বা বিশেষজ্ঞ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ব্যাংক গ্যারান্টির মাধ্যমে সাময়িক শুল্কায়নের সিদ্ধান্ত গৃহীত হলে ব্যাংক গ্যারান্টি নিষ্পত্তির প্রক্রিয়া কার্যবিবরণীতে উল্লেখ থাকতে হবে। কার্যবিবরণীর প্রারম্ভে পঞ্জিকাবর্ষ-ভিত্তিক সভার ক্রম ও কার্যবিবরণী

নম্বর থাকবে (যেমন: অ্যাসেসমেন্ট কমিটির কার্যবিবরণী-২০২৬/০৩/০১)। তবে, টেস্ট রিপোর্ট বা বিশেষজ্ঞ প্রতিবেদন প্রাপ্তির পর একই বিষয় পুনরায় অ্যাসেসমেন্ট কমিটিতে উত্থাপিত হলে পূর্বের কার্যবিবরণী নম্বরের পাশে একটি সম্পূরক ক্রমিক নম্বর (যেমন: অ্যাসেসমেন্ট কমিটির কার্যবিবরণী-২০২৬/০৩/০১-০২) বসবে। কাস্টমস কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত পণ্যের রঙ্গিন ছবি ও ক্যাটালগ, অন্যান্য প্রযোজ্য দলিলাদি এবং আলোচ্যসূচি-ভিত্তিক সভার স্বাক্ষরিত উপস্থিতি তালিকা **(পরিশিষ্ট-৫ অনুসারে)** কার্যবিবরণীর অংশ হিসাবে সংযুক্ত থাকবে। কার্যবিবরণীটি জাতীয় রাজস্ব বোর্ড ও অন্যান্য কাস্টমস হাউস/স্টেশনে প্রেরণের পাশাপাশি এ দপ্তরের ওয়েবসাইটে 'অ্যাসেসমেন্ট কমিটির কার্যবিবরণী' মেন্যুতে আপলোড করতে হবে। এক্ষেত্রে কার্যবিবরণীর ফাইলের নেমিং ফরমেট ইংরেজিতে এভাবে উল্লেখ করতে হবে: Meeting No._Minutes No._(Classification/Valuation/Others)_Name of Goods_Decided HS Code (For example: 2026-03_01_Classification_Boat Engine_8407.29.00).

০৭। অ্যাসেসমেন্ট কমিটির সভা বিষয়ক কার্যক্রম ব্যবস্থাপনার লক্ষ্যে এই দপ্তরে 'অ্যাসেসমেন্ট কমিটি শাখা' নামে একটি শাখা সৃজন করা হলো। অ্যাসেসমেন্ট কমিটি শাখা সভার নোটিশ ইস্যু ও বিতরণ (ইমেইলসহ), আলোচ্যসূচি বা এজেন্ডা তৈরি **(পরিশিষ্ট-৪ অনুসারে)**, উপস্থিতি তালিকা তৈরি ও স্বাক্ষর গ্রহণ, ক্ষমতা অর্পণপত্র সংগ্রহ, সভার সিদ্ধান্ত সংবলিত কার্যবিবরণী স্বাক্ষর করানো, কার্যবিবরণী জারি, বিতরণ ও ইমেইলে প্রেরণ, কাস্টমস লাইব্রেরি ও আর্কাইভে কার্যবিবরণীর কপি সংরক্ষণ, কার্যবিবরণীসমূহের ডিজিটাল আর্কাইভ তৈরি, সভার রেকর্ড রেজিস্টার ও এক্সেল শিট **(পরিশিষ্ট-৭ অনুসারে)** সংরক্ষণসহ সংশ্লিষ্ট যাবতীয় সমন্বয়ের কাজ করবে। অন্যদিকে, সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা কার্যপত্র **(পরিশিষ্ট-৬ এর আদলে)** প্রণয়ন, সভায় বক্তব্য ও যুক্তি-তর্ক উপস্থাপন ও কার্যবিবরণীর খসড়া প্রণয়ন করবে। সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা অনুচ্ছেদ ০২(১) এ উল্লিখিত দলিলাদি ও কাস্টমস কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত নমুনা (উত্তোলনযোগ্য হলে) সহ শুল্কায়ন নথি সভায় প্রস্তুত রাখবে। সভায় আবেদনকারী তাঁর পক্ষে বক্তব্য ও যুক্তি-তর্ক উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ কোনো ব্যক্তিসহ হাজির হতে পারবে। আবেদনকারী বা তাঁর প্রতিনিধি লিখিত বা মৌখিক বক্তব্যের পাশাপাশি পণ্যসংশ্লিষ্ট ভিডিও উপস্থাপন ও প্রেজেন্টেশন প্রদান করতে পারবে এবং আবেদনের ভিত্তিতে অনলাইনেও সভায় যোগদান করতে পারবে। এরূপক্ষেত্রে উপস্থিতি তালিকায় 'অনলাইন প্লাটফর্মের মাধ্যমে যোগদান' মর্মে উল্লেখ করতে হবে।

০৮। অ্যাসেসমেন্ট কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে আমদানিকারক বা তাঁর প্রতিনিধি এবং সিএন্ডএফ এজেন্টের নোট অব ডিসেন্ট (দ্বিমত প্রকাশ) প্রদানপূর্বক কার্যবিবরণীতে স্বাক্ষরের অধিকার অবারিত থাকবে। আমদানিকারক বা তাঁর প্রতিনিধি যদি পরপর ০৩ (তিন) বার সভায় উপস্থিত না হন বা ০৩ (তিন) বারের বেশি সময় বর্ধনের আবেদন করেন, তবে নথিতে রক্ষিত দলিলাদির গুণাগুণ বিচার করে সভায় সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। সভায় চট্টগ্রামের বাইরে থেকে আগত আমদানিকারক বা তাঁর প্রতিনিধি যদি কার্যবিবরণীতে স্বাক্ষর প্রদানের জন্য হাজির হতে না পারেন, তবে তাঁর প্রতিনিধি হিসেবে তথায় স্বাক্ষরের জন্য পরিশিষ্ট-১ ও ৩ এর মাধ্যমে দাখিলকৃত আবেদনের নির্ধারিত ঘরে ভিন্ন কোনো ব্যক্তিকে স্বাক্ষর প্রদানের জন্য মনোনীত (অথরাইজ) করতে পারবে। আর এ দপ্তরের কোনো কর্মকর্তা কার্যবিবরণী স্বাক্ষরের সময়ে অনুপস্থিত থাকলে সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখার ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার সেই ঘরে কারণসহ তাঁর অনুপস্থিতির তথ্য লিপিবদ্ধ করবে। আমদানিকারক বা তাঁর প্রতিনিধি এবং সিএন্ডএফ এজেন্ট সভার কার্যবিবরণীতে স্বাক্ষরে অস্বীকৃতি জানালে বা গড়িমসি করলে বা সময় ক্ষেপণ করলে তা সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা/অ্যাসেসমেন্ট কমিটি শাখা কর্তৃক সংশ্লিষ্ট ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনারকে অবিলম্বে অবহিত করতে হবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার সংশ্লিষ্ট শুল্কায়ন নথিতে কমিশনার অব কাস্টমস এর অনুমোদনক্রমে উক্ত আমদানিকারকের BIN এবং সিএন্ডএফ এজেন্টের AIN সার্ভেইল্যান্সের জন্য অপারেশন ম্যানেজারের নিকট প্রেরণ করতে পারবে।

০৯। কাস্টমস আইন, ২০২৩ এর ধারা-২৭, ৯০, ৯১ ও ৯৩ এর উদ্দেশ্য পূরণকল্পে একই আইনের ধারা-২৬৬ এ প্রদত্ত ক্ষমতাবলে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মুহাঃ মাহবুবুর রহমান)
কমিশনার অব কাস্টমস (চলতি দায়িত্ব)
ফোন: ০২৩৩৩৩১৩৯১৮
ইমেইল: customhousectg@nbr.gov.bd

নথি নং: ২৮(৩০)কাস/৯৮-৯৯-২০০১-২০০৪/১১৯৭৮ (কা) তারিখ: ২৮ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ। / ১২ আগস্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সদস্য (কাস্টমস) (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২। কমিশনার/মহাপরিচালক (কাস্টমস ও ভ্যাট) (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৩। অ্যাডিশনাল/জয়েন্ট কমিশনার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
০৪। অ্যাডিশনাল ডিরেক্টর জেনারেল/জয়েন্ট ডিরেক্টর, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম।
০৫। সিস্টেম এনালিস্ট, কাস্টমস হাউস, চট্টগ্রাম (অ্যাসেসমেন্ট কমিটির সভার কার্যবিবরণী নিয়মিত ভিত্তিতে নির্ধারিত ফাইল নেম ফরমেটে ওয়েবসাইটে আপলোডকরণের অনুরোধসহ)।
০৬। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
০৭। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম।
০৮। অপারেশন ম্যানেজার, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
০৯। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। রেভিনিউ অফিসার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
১১। অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
১২। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ডব্লিউটিসি ভবন, ১০২-১০৩, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, চট্টগ্রাম কাস্টমস এজেন্টস অ্যাসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৪। গ্রহণ ও প্রেরণ শাখা, কাস্টমস হাউস, চট্টগ্রাম (আদেশটি বিলিকরণের নির্দেশ প্রদান করা হলো)।
১৫। অফিস কপি।

12.08.26

(শরীফ মোহাম্মদ আল আমিন)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

**পরিশিষ্ট-১**
**কাহাচ ফরম-০১/২০২৬**

তারিখ: ............... খ্রিষ্টাব্দ।

বরাবর
আহ্বায়ক
অ্যাসেসমেন্ট কমিটি
কাস্টমস হাউস, চট্টগ্রাম।

**বিষয়: <u>অ্যাসেসমেন্ট কমিটির সভার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণের আবেদন।</u>**

মহোদয়,

আমি, নিম্নস্বাক্ষরকারী, আমার/আমার প্রতিষ্ঠানের/আমার আমদানিকারকের (প্রযোজ্য অংশ রেখে বাকিটুকু কেটে দিন) নিম্নবর্ণিত পণ্যচালানটির বিষয়ে/বিষয়ে (প্রযোজ্য অংশ রেখে বাকিটুকু কেটে দিন) অ্যাসেসমেন্ট কমিটির সভায় আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণের আবেদন করছি:

| ক্রঃ নং | শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ০১ | ক্ষেত্র (ক্ল্যাসিফিকেশন/ভ্যালুয়েশন/অন্যান্য) | |
| ০২ | আলোচ্য বিষয় | |
| ০৩ | সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা | |
| ০৪ | ইতোপূর্বে এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অ্যাডভান্স রুলিং বা কোনো আদেশ বা কাস্টমস হাউস, চট্টগ্রাম বা অন্য কোনো দপ্তরের অ্যাসেসমেন্ট কমিটির কোনো সিদ্ধান্ত আছে কিনা? হ্যাঁ/না। হ্যাঁ হলে সভার নম্বর, তারিখসহ বিবরণ | |
| | | |
| ০৫ | পণ্যচালানের বিল অব লেডিং (বিএল) নম্বর | |
| ০৬ | বিল অব এন্ট্রি/এক্সপোর্ট নম্বর ও তারিখ | |
| ০৭ | পণ্যচালানের মোট আইটেম সংখ্যা এবং আবেদন সংশ্লিষ্ট আইটেম সংখ্যা | |
| ০৮ | পণ্যের ঘোষিত নাম ও পূর্ণাঙ্গ স্পেফিকেশনসহ বর্ণনা | |
| ০৯ | পণ্যের ঘোষিত এইচএস কোড | |
| ১০ | পণ্যের ঘোষিত মূল্য, উৎস দেশ ও শিপমেন্ট দেশ | |
| ১১ | পণ্যের পরিমাণ/সংখ্যা | |
| ১২ | পণ্যের কায়িক পরীক্ষণ এবং/অথবা নমুনা উত্তোলন করা হয়েছে কিনা? হ্যাঁ/না। হ্যাঁ হলে সংক্ষিপ্ত বিবরণ | |
| ১৩ | কাস্টমস কর্মকর্তা কর্তৃক পণ্যের স্বাক্ষরিত রঙ্গিন ছবি ও ক্যাটালগ আছে কিনা? হ্যাঁ/না। হ্যাঁ হলে সংক্ষিপ্ত বিবরণ | |
| ১৪ | আবেদনের সাথে সংযুক্ত অন্যান্য দলিলাদির তালিকা | |
| ১৫ | পণ্যচালান ইতোমধ্যে খালাস হয়েছে কিনা? হ্যাঁ/না। হ্যাঁ হলে সংক্ষিপ্ত বিবরণ | |
| | | |
| ১৬ | আমদানি/রপ্তানিকারক ও BIN | |
| ১৭ | সিএন্ডএফ এজেন্ট ও AIN | |
| | | |
| ১৮ | আবেদনের কারণ ও যুক্তিসহ আবেদনকারীর বক্তব্য | |
| | | |

| | | |
|---|---|---|
| ১৯ | শাখা/শুল্কায়ন শাখা পর্যায়ে বিষয়টি অ্যাসেসমেন্ট কমিটি সংক্রান্ত স্থায়ী আদেশ, ২০২৬ এর অনুচ্ছেদ-০৩ অনুসারে নিষ্পত্তি না হওয়ার কারণ | |
| ২০ | সাময়িক শুল্কায়নের ক্ষেত্রে চূড়ান্ত শুল্কায়নের সময় কতদিন অবশিষ্ট আছে? | |
| ২১ | পণ্যটির আমদানি/রপ্তানিযোগ্যতা এবং আমদানি/রপ্তানি শর্ত বিষয়ক তথ্য | |
| | | |
| ২২ | অ্যাসেসমেন্ট কমিটির সভার চাহিত তারিখ | |
| ২৩ | উপস্থিতির ধরন (সশরীরে/অনলাইনে) | |
| ২৪ | এর পূর্বে সভা অনুষ্ঠানের সময় বর্ধনের আবেদন করা হয়েছে কিনা? (উত্তর হ্যাঁ হলে কতবার, কারণ ও তারিখসহ) | |
| ২৫ | সভায় উপস্থিত থাকতে ইচ্ছুক মোট সম্ভাব্য প্রতিনিধি সংখ্যা | সংখ্যা ........... জন (নাম, পদবি, প্রতিষ্ঠান, ফোন নম্বর, ইমেইলসহ)। |
| ২৬ | আবেদনকারী/তাঁর প্রতিনিধি(গণ) সভায় প্রতিনিধিত্ব করতে ক্ষমতা প্রাপ্ত কিনা? হ্যাঁ/না (প্রযোজ্য ক্ষেত্রে) | |
| ২৭ | প্রযোজ্য ক্ষেত্রে কার্যবিবরণীতে স্বাক্ষরের জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি (সিএন্ডএফ এজেন্ট হলে কার্ড নম্বরসহ), বাংলাদেশী জাতীয় পরিচয়পত্র নম্বর (না থাকলে পাসপোর্ট নম্বর, ইস্যুকারী দেশ ও মেয়াদোত্তীর্ণের তারিখ), প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও নমুনা স্বাক্ষর সত্যায়ন | |
| ২৮ | আবেদনকারীর মোবাইল ফোন নম্বর ও ইমেইল | |
| ২৯ | আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ | |
| ৩০ | আবেদনকারীর নাম, পদবি, বাংলাদেশী জাতীয় পরিচয়পত্র নম্বর (না থাকলে পাসপোর্ট নম্বর, ইস্যুকারী দেশ ও মেয়াদোত্তীর্ণের তারিখ), প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | |

**কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক দাপ্তরিক ব্যবহারের উদ্দেশ্যে**

**(প্রযোজ্য ক্ষেত্র/ক্ষেত্রসমূহে টিক দিন/লিপিবদ্ধ করুন)**

১। সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা আবেদনটি যাচাই-বাছাইপূর্বক মতামত প্রদান করবে।

২। আবেদনটি অ্যাসেসমেন্ট কমিটিতে উত্থাপনযোগ্য হলে কার্যপত্র তৈরি করবে।

৩। অন্যান্য তথ্য ও নির্দেশনা (যদি থাকে):

কর্মকর্তার নাম, পদবী, স্বাক্ষর, তারিখ ও সিল:

**পরিশিষ্ট-২**
**কাহাচ ফরম-০২/২০২৬**
**ইমেইল যোগে**
**সিএন্ডএফ এজেন্ট মারফত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম
www.chc.gov.bd

**[ অ্যাসেসমেন্ট কমিটি শাখা ]**

নথি নং: তারিখ: ______________ বঙ্গাব্দ।
খ্রিষ্টাব্দ।

**বিষয়: অ্যাসেসমেন্ট কমিটির .............. নং সভার নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করছি।

০২। কাস্টমস হাউস, চট্টগ্রাম এর অ্যাসেসমেন্ট কমিটির (পণ্যের শ্রেণিবিন্যাস, শুল্ক-কর হার নির্ধারণ, শুল্কায়ন ও শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণ সংক্রান্ত) .............. নং সভা নিম্নবর্ণিত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট আবেদনকারী বা তাঁর প্রতিনিধিসহ সকলকে প্রয়োজনীয় দলিলসহ যথাসময়ে উপস্থিত থাকতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ০১ | সভার নম্বর | |
| ০২ | সভার তারিখ ও সময় | |
| ০৩ | সভার স্থান | সম্মেলন কক্ষ, কাস্টমস হাউস, চট্টগ্রাম। |
| ০৪ | সভাপ্রধান | অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস-১, কাস্টমস হাউস, চট্টগ্রাম। |
| ০৫ | অনলাইন (জুম) মিটিং তথ্য | আইডি:<br>পাসওয়ার্ড:<br>লিংক: |

০৩। সভায় আবেদনকারী তাঁর পক্ষে বক্তব্য ও যুক্তি-তর্ক উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ কোনো ব্যক্তিসহ সশরীরে কিংবা আবেদনের ভিত্তিতে অনলাইনে হাজির হতে পারবে। আবেদনকারী বা তাঁর প্রতিনিধি লিখিত বা মৌখিক বক্তব্যের পাশাপাশি চাইলে পণ্যসংশ্লিষ্ট ভিডিও উপস্থাপন ও প্রেজেন্টেশন প্রদান করতে পারবে।

ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস এর পক্ষে
ফোন: ০২৩৩৩৩১৩৯১৮
ইমেইল: customhousectg@nbr.gov.bd

নথি নং: তারিখ: ______________ বঙ্গাব্দ।
খ্রিষ্টাব্দ।

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। অ্যাডিশনাল/জয়েন্ট কমিশনার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
০২। অ্যাডিশনাল ডিরেক্টর জেনারেল/জয়েন্ট ডিরেক্টর, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম (একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ) (প্রযোজ্য ক্ষেত্রে)।
০৩। সিস্টেম এনালিস্ট, কাস্টমস হাউস, চট্টগ্রাম (প্রযোজ্য ক্ষেত্রে)।
০৪। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (সংশ্লিষ্ট), কাস্টমস হাউস, চট্টগ্রাম।

০৫। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম (একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ) (প্রযোজ্য ক্ষেত্রে)।
০৬। রেভিনিউ অফিসার অব কাস্টমস (আলোচ্য বিষয় সংশ্লিষ্ট), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
০৭। অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস (আলোচ্য বিষয় সংশ্লিষ্ট), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
০৮। রাসায়নিক পরীক্ষক, কাস্টমস হাউস, চট্টগ্রাম (প্রযোজ্য ক্ষেত্রে)।
০৯। আমদানিকারক: ............................................................................... (BIN: ..............................)।
১০। সিএন্ডএফ এজেন্ট: .......................................................................... (AIN: .......................) (আমদানিকারককে সভায় যোগদানের বিষয়ে অবহিত করার অনুরোধসহ)।
১১। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ডব্লিউটিসি ভবন, ১০২-১০৩, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম (সভায় একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
১২। সভাপতি/সাধারণ সম্পাদক, চট্টগ্রাম কাস্টমস এজেন্টস অ্যাসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম (সভায় একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
১৩। পিএ টু কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। গ্রহণ ও প্রেরণ শাখা, কাস্টমস হাউস, চট্টগ্রাম (নোটিশটি বিলিকরণের নির্দেশ প্রদান করা হলো)।
১৫। অফিস কপি।

ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

**পরিশিষ্ট-৩**
**কাহাচ ফরম-০৩/২০২৬**

তারিখ: ............... খ্রিষ্টাব্দ।

বরাবর
আহ্বায়ক
অ্যাসেসমেন্ট কমিটি
কাস্টমস হাউস, চট্টগ্রাম।

**বিষয়: <u>অ্যাসেসমেন্ট কমিটির সভার সময় বর্ধনের আবেদন।</u>**

মহোদয়,

আমি, নিম্নস্বাক্ষরকারী, আমার/আমার প্রতিষ্ঠানের/আমার আমদানিকারকের নিম্নবর্ণিত পণ্যচালানটির বিষয়ে/বিষয়ে গত ............... খ্রিঃ তারিখে অ্যাসেসমেন্ট কমিটির সভার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণের আবেদন করেছিলাম (কপি সংযুক্ত)। তবে, নিম্নবর্ণিত কারণে অ্যাসেসমেন্ট কমিটির সভার সময় বর্ধনের আবেদন_করছি। উল্লেখ্য, উক্ত আবেদনের অন্যান্য বিষয় ও তথ্য অপরিবর্তিত থাকবে। যদি কোনো বিষয়ে অতিরিক্ত/পরিবর্তিত কোনো তথ্য থাকে, তা নিচের ক্রঃ নং-১৫ এ অন্যান্য বক্তব্যে উল্লেখ করছি।

| ক্রঃ নং | শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ০১ | ক্ষেত্র (ক্ল্যাসিফিকেশন/ভ্যালুয়েশন/অন্যান্য) | |
| ০২ | আলোচ্য বিষয় | |
| ০৩ | সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা | |
| ০৪ | পণ্যচালানের বিল অব লেডিং (বিএল) নম্বর | |
| ০৫ | বিল অব এন্ট্রি/এক্সপোর্ট নম্বর ও তারিখ | |
| ০৬ | পণ্যের ঘোষিত নাম ও পূর্ণাঙ্গ স্পেফিকেশনসহ বর্ণনা | |
| ০৭ | পণ্যচালান ইতোমধ্যে খালাস হয়েছে কিনা? হ্যাঁ/না। হ্যাঁ হলে সংক্ষিপ্ত বিবরণ | |
| ০৮ | আমদানি/রপ্তানিকারক ও BIN | |
| ০৯ | সিএন্ডএফ এজেন্ট ও AIN | |
| ১০ | সাময়িক শুল্কায়নের ক্ষেত্রে চূড়ান্ত শুল্কায়নের সময় কতদিন অবশিষ্ট আছে? | |
| ১১ | অ্যাসেসমেন্ট কমিটির সভার চাহিত পরিবর্তিত তারিখ | |
| ১২ | উপস্থিতির ধরন (সশরীরে/অনলাইনে) | |
| ১৩ | সময় বর্ধনের আবেদনের কারণ | |
| ১৪ | এর পূর্বে সভা অনুষ্ঠানের সময় বর্ধনের আবেদন করা হয়েছে কিনা? (উত্তর হ্যাঁ হলে কতবার, কারণ ও তারিখসহ) | |
| ১৫ | অন্যান্য বক্তব্য | |
| ১৬ | আবেদনকারীর মোবাইল ফোন নম্বর ও ইমেইল | |
| ১৭ | আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ | |
| ১৮ | আবেদনকারীর নাম, পদবি, বাংলাদেশী জাতীয় পরিচয়পত্র নম্বর (না থাকলে পাসপোর্ট নম্বর, ইস্যুকারী দেশ ও মেয়াদোত্তীর্ণের তারিখ), প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | |

---

**<u>কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক দাপ্তরিক ব্যবহারের উদ্দেশ্যে</u>**

**(প্রযোজ্য ক্ষেত্র/ক্ষেত্রসমূহে টিক দিন/লিপিবদ্ধ করুন)**

১। সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা ...............খ্রিঃ তারিখ সকাল/বিকাল ......... টায় অনুষ্ঠিতব্য অ্যাসেসমেন্ট কমিটির সভায় এজেন্ডা উপস্থাপন করবে।

২। অন্যান্য তথ্য ও নির্দেশনা (যদি থাকে):

কর্মকর্তার নাম, পদবী, স্বাক্ষর, তারিখ ও সিল

**অ্যাসেসমেন্ট কমিটি শাখা**

কাস্টমস হাউস, চট্টগ্রাম

**আলোচ্যসূচি**

**অ্যাসেসমেন্ট কমিটির ............ নং সভা**

**সভার তারিখ, সময় ও স্থান: ..................................।**

| **আলোচ্যসূচি নং** | **পণ্যচালান/বিষয়ের বিবরণ** | **ক্ষেত্র** | **সংক্ষেপে মূল বিষয়** |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| ০১ | বিএল/বিল অব এন্ট্রি নং ও তারিখ:<br>নথি নং:<br>শাখা/শুল্কায়ন শাখা:<br>পণ্যের বর্ণনা:<br>আমদানিকারক:<br>সিএন্ডএফ এজেন্ট:<br>ঘোষিত এইচএস কোড/মূল্য:<br>প্রথমবার না পূর্বেও উত্থাপিত হয়েছে?:<br>আবেদনকারী কর্তৃক এ পর্যন্ত সময় বর্ধনের আবেদন সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে):<br>অন্যান্য তথ্য: | (ক্ল্যাসিফিকেশন/ ভ্যালুয়েশন/ অন্যান্য) | |

**অ্যাসেসমেন্ট কমিটি শাখা**
কাস্টমস হাউস, চট্টগ্রাম

**সভার উপস্থিতি তালিকা**
**(আলোচ্যসূচি-ভিত্তিক)**

**অ্যাসেসমেন্ট কমিটির ............ নং সভা**
**সভার তারিখ, সময় ও স্থান: ..................................।**

**সভাপ্রধান:** ............................., অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস-১, কাস্টমস হাউস, চট্টগ্রাম।

| ক্রঃ নং | নাম | পদবি | দপ্তর/প্রতিষ্ঠান | কমিটিতে অবস্থান | মোবাইল নম্বর ও ইমেইল | স্বাক্ষর ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |
| ০১ | | অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস-১ | কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য ও সভাপ্রধান | | | |
| ০২ | | অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস (অন্যান্য সকল) | কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য | | | |
| ০৩ | | জয়েন্ট কমিশনার অব কাস্টমস (সকল) | কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য | | | |
| ০৪ | | ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (আইন) | কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য | | | |
| ০৫ | | ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (এআইআর) | কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| ০৬ | | ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (আনস্টাফিং) | কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| ০৭ | | ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর | কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম | সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| ০৮ | | ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার | কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম | সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| ০৯ | | ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা) | কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য-সচিব (সংশ্লিষ্ট ক্ষেত্রে) | | | |
| ১০ | | ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (সংশ্লিষ্ট অ্যাকাডেমিক ব্যাকগ্রাউন্ড) | কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| ১১ | | আইসিটি কর্মকর্তা (সহকারী প্রোগ্রামার বা তদূর্ধ্ব) | কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| ১২ | | রেভিনিউ অফিসার অব কাস্টমস (সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা) | কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য | | | |
| ১৩ | | অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস (সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা) | কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য | | | |
| ১৪ | | রাসায়নিক পরীক্ষক | কাস্টমস হাউস, চট্টগ্রাম | সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| ১৫ | | সংশ্লিষ্ট আমদানিকারক বা তাঁর প্রতিনিধি | প্রতিষ্ঠান | সদস্য | | | |
| ১৬ | | সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট বা তাঁর প্রতিনিধি | | সদস্য | | | |
| ১৭ | | পদ: | চিটাগাং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি | সদস্য | | | |
| ১৮ | | পদ: | চট্টগ্রাম কাস্টমস এজেন্টস অ্যাসোসিয়েশন | সদস্য | | | |

**পরিশিষ্ট-৬**
**কাহাচ ফরম-০৪/২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম
www.chc.gov.bd

**[ অ্যাসেসমেন্ট কমিটি শাখা ]**

নথি নং: তারিখ: ──────── বঙ্গাব্দ।
খ্রিষ্টাব্দ।

**অ্যাসেসমেন্ট কমিটির সভার কার্যবিবরণী নং-..........**

**সভার অনুষ্ঠানের তারিখ, সময় ও স্থান: .....................................।**

| ক্রঃ নং | শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ০১ | সভার নম্বর ও তারিখ | |
| ০২ | মোট উপস্থিত সদস্য সংখ্যা | ........ জন (সভার উপস্থিতি তালিকা সংযুক্ত)। |
| | | |
| ০৩ | সভার মোট আলোচ্য বিষয় | ........ টি। |
| ০৪ | বিবেচ্য আলোচ্য বিষয় | |
| ০৫ | সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা | |
| ০৬ | ইতোপূর্বে এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অ্যাডভান্স রুলিং বা কোনো আদেশ বা কাস্টমস হাউস, চট্টগ্রাম বা অন্য কোনো দপ্তরের অ্যাসেসমেন্ট কমিটির কোনো সিদ্ধান্ত আছে কিনা? হ্যাঁ/না। হ্যাঁ হলে সভার নম্বর, তারিখসহ বিবরণ | |
| | | |
| ০৭ | পণ্যচালানের বিল অব লেডিং (বিএল) নম্বর | |
| ০৮ | বিল অব এন্ট্রি নম্বর ও তারিখ | |
| ০৯ | পণ্যের ঘোষিত নাম ও পূর্ণাঙ্গ স্পেসিফিকেশনসহ বর্ণনা | |
| ১০ | পণ্যের ঘোষিত এইচএস কোড | |
| ১১ | পণ্যের ঘোষিত মূল্য, উৎস দেশ ও শিপমেন্ট দেশ | |
| ১২ | পণ্যের পরিমাণ/সংখ্যা | |
| | | |
| ১৩ | আমদানিকারক ও BIN | |
| ১৪ | সিএন্ডএফ এজেন্ট ও AIN | |
| | | |
| ১৫ | আবেদনের তারিখ | |
| ১৬ | আমদানিকারক বা তাঁর প্রতিনিধি কর্তৃক মোট কয়বার সভা অনুষ্ঠানের সময় (প্রযোজ্য ক্ষেত্রে) বর্ধনের আবেদন করা হয়েছে? (তারিখ ও কারণসহ) | |
| ১৭ | সাময়িক শুল্কায়নের ক্ষেত্রে চূড়ান্ত শুল্কায়নের সময় কতদিন অবশিষ্ট আছে? | |
| ১৮ | বিষয়টি অ্যাসেসমেন্ট কমিটির সভায় উত্থাপনের কারণ | |
| ১৯ | শাখা/শুল্কায়ন শাখা পর্যায়ে বিষয়টি অ্যাসেসমেন্ট কমিটি সংক্রান্ত স্থায়ী আদেশ, ২০২৬ এর অনুচ্ছেদ-০৩ অনুসারে নিষ্পত্তি না হওয়ার কারণ | |
| ২০ | কারণ ও যুক্তিসহ আবেদনকারীর বক্তব্য | |
| ২১ | এআইআর শাখার বক্তব্য (প্রযোজ্য ক্ষেত্রে) | |

| | | |
|---|---|---|
| ২২ | কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের বক্তব্য (প্রযোজ্য ক্ষেত্রে) | |
| ২৩ | অন্যান্য দপ্তর/কর্তৃপক্ষের বক্তব্য (প্রযোজ্য ক্ষেত্রে) | |
| ২৪ | নিম্নোক্ত দলিল অনুযায়ী সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখার বক্তব্য: | |
| | (i) Bangladesh Customs Tariff (BCT): | |
| | (ii) General Rules for the Interpretation of the Harmonized System (GIR): | |
| | (iii) WCO Explanatory Notes: | |
| | (iv) WCO Classification Decisions (if any): | |
| | (v) শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ (ভ্যালুয়েশন মেথড ও মূল্য ঘোষণা ফরম দাখিলের তথ্যসহ): | |
| | (vi) অন্যান্য: | |
| ২৫ | অসত্য ঘোষণার অভিযোগ বিষয়ে শুল্কায়ন শাখার মতামত (প্রযোজ্য ক্ষেত্রে) | |
| ২৬ | পণ্যটির আমদানিযোগ্যতা/আমদানি শর্ত বিষয়ক তথ্য | |
| ২৭ | পণ্যচালানের কায়িক পরীক্ষণ ও নমুনা উত্তোলিত হয়েছিলো কিনা? হ্যাঁ/না। হ্যাঁ হলে সংক্ষিপ্ত বিবরণ | |
| ২৮ | পণ্যের উত্তোলিত নমুনা সভায় প্রদর্শন করা হয়েছিলো কিনা? হ্যাঁ/না | |
| ২৯ | পণ্যচালান ইতোমধ্যে খালাস হয়েছে কিনা? হ্যাঁ/না | |
| ৩০ | কাস্টমস কর্মকর্তা কর্তৃক আমদানিকৃত পণ্যের স্বাক্ষরিত রঙ্গিন ছবি ও ক্যাটালগ কার্যবিবরণীর সাথে সংযুক্ত আছে কিনা? থাকলে কতটি ছবি ও কত পৃষ্ঠা? | |
| ৩১ | পর্যালোচনা | |
| ৩২ | সিদ্ধান্ত | |

সংযুক্তি: ১। কাস্টমস কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত পণ্যের রঙ্গিন ছবি ও ক্যাটালগ (......... পৃষ্ঠা)।
২। অন্যান্য প্রযোজ্য দলিলাদি (......... পৃষ্ঠা)।
৩। সভার স্বাক্ষরিত উপস্থিতি তালিকা (......... পৃষ্ঠা)।

| | | | |
|---|---|---|---|
| আমদানিকারক<br>স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>পদবি:<br>মোবাইল নম্বর:<br>প্রতিষ্ঠান:<br>সদস্য, অ্যাসেসমেন্ট কমিটি | সিএন্ডএফ এজেন্ট<br>স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>পদবি:<br>আইডি কার্ড নম্বর:<br>মোবাইল নম্বর:<br>প্রতিষ্ঠান:<br>সদস্য, অ্যাসেসমেন্ট কমিটি | চিটাগাং চেম্বার প্রতিনিধি<br>স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>পদ:<br>চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি<br>সদস্য, অ্যাসেসমেন্ট কমিটি | সিএন্ডএফ এজেন্ট অ্যাসোসিয়েশন প্রতিনিধি<br>স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>পদ:<br>চট্টগ্রাম কাস্টমস এজেন্টস অ্যাসোসিয়েশন<br>সদস্য, অ্যাসেসমেন্ট কমিটি |
| স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>রাসায়নিক পরীক্ষক, কাস্টমস হাউস, চট্টগ্রাম<br>সদস্য, অ্যাসেসমেন্ট কমিটি<br>(প্রযোজ্য ক্ষেত্রে) | স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস<br>কাস্টমস হাউস, চট্টগ্রাম<br>সদস্য, অ্যাসেসমেন্ট কমিটি | স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>রেভিনিউ অফিসার অব কাস্টমস<br>কাস্টমস হাউস, চট্টগ্রাম<br>সদস্য, অ্যাসেসমেন্ট কমিটি | স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>আইসিটি কর্মকর্তা (সহকারী প্রোগ্রামার বা তদূর্ধ্ব), কাস্টমস হাউস, চট্টগ্রাম<br>সদস্য, অ্যাসেসমেন্ট কমিটি<br>(প্রযোজ্য ক্ষেত্রে) |

<table>
<tr>
<td>স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা)<br>কাস্টমস হাউস, চট্টগ্রাম<br>সদস্য-সচিব, অ্যাসেসমেন্ট কমিটি</td>
<td>স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (সংশ্লিষ্ট অ্যাকাডেমিক/টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড)<br>কাস্টমস হাউস, চট্টগ্রাম<br>সদস্য, অ্যাসেসমেন্ট কমিটি</td>
<td>স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম<br>সদস্য, অ্যাসেসমেন্ট কমিটি<br>(প্রযোজ্য ক্ষেত্রে)</td>
<td>স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম<br>সদস্য, অ্যাসেসমেন্ট কমিটি<br>(প্রযোজ্য ক্ষেত্রে)</td>
</tr>
<tr>
<td>স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (আনস্টাফিং)<br>কাস্টমস হাউস, চট্টগ্রাম<br>সদস্য, অ্যাসেসমেন্ট কমিটি<br>(প্রযোজ্য ক্ষেত্রে)</td>
<td>স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (এআইআর)<br>কাস্টমস হাউস, চট্টগ্রাম<br>সদস্য, অ্যাসেসমেন্ট কমিটি<br>(প্রযোজ্য ক্ষেত্রে)</td>
<td>স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (আইন)<br>কাস্টমস হাউস, চট্টগ্রাম<br>সদস্য, অ্যাসেসমেন্ট কমিটি</td>
<td>স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>জয়েন্ট কমিশনার অব কাস্টমস (সকল)<br>কাস্টমস হাউস, চট্টগ্রাম<br>সদস্য, অ্যাসেসমেন্ট কমিটি</td>
</tr>
<tr>
<td colspan="2">স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস (অন্যান্য সকল)<br>কাস্টমস হাউস, চট্টগ্রাম<br>সদস্য, অ্যাসেসমেন্ট কমিটি</td>
<td colspan="2">স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস-১<br>কাস্টমস হাউস, চট্টগ্রাম<br>সদস্য ও সভাপ্রধান, অ্যাসেসমেন্ট কমিটি</td>
</tr>
<tr>
<td colspan="4">স্বাক্ষর ও তারিখ<br>নাম:<br>কমিশনার অব কাস্টমস<br>কাস্টমস হাউস, চট্টগ্রাম<br>আহ্বায়ক, অ্যাসেসমেন্ট কমিটি</td>
</tr>
</table>

নথি নং:

তারিখ: ____________ বঙ্গাব্দ।
খ্রিষ্টাব্দ।

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সদস্য (কাস্টমস) (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২। কমিশনার/মহাপরিচালক (কাস্টমস) (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/যশোর/সিলেট/রংপুর/কুমিল্লা/নারায়ণগঞ্জ/ময়মনসিংহ/বরিশাল/কক্সবাজার।
০৩। অ্যাডিশনাল/জয়েন্ট কমিশনার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
০৪। অ্যাডিশনাল ডিরেক্টর জেনারেল/জয়েন্ট ডিরেক্টর, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম।
০৫। সিস্টেম এনালিস্ট, কাস্টমস হাউস, চট্টগ্রাম (এ কার্যবিবরণীটি এ দপ্তরের ওয়েবসাইটে 'অ্যাসেসমেন্ট কমিটির কার্যবিবরণী' মেন্যুতে পণ্যের নাম ও এইচএস কোড ইংরেজিতে উল্লেখপূর্বক নির্ধারিত ফাইল ফরমেট নামে আপলোডের অনুরোধসহ)।
০৬। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
০৭। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম।
০৯। রেভিনিউ অফিসার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
১০। অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
১১। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ডব্লিউটিসি ভবন, ১০২-১০৩, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১২। সভাপতি/সাধারণ সম্পাদক, চট্টগ্রাম কাস্টমস এজেন্টস অ্যাসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৩। গ্রহণ ও প্রেরণ শাখা, কাস্টমস হাউস, চট্টগ্রাম (কার্যবিবরণীটি বিলিকরণের নির্দেশ প্রদান করা হলো)।
১৪। অফিস কপি।

ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

পরিশিষ্ট-৭

**অ্যাসেসমেন্ট কমিটি শাখা**
কাস্টমস হাউস, চট্টগ্রাম

## অ্যাসেসমেন্ট কমিটির সভার রেকর্ড রেজিস্টার

| ক্রঃ নং | সভার নম্বর ও তারিখ | ক্ষেত্র (ক্লাসিফিকেশন/ ভ্যালুয়েশন/ অন্যান্য) | সংশ্লিষ্ট শাখা/শুল্কায়ন শাখা | আলোচ্য বিষয় সংখ্যা ও বিষয়সমূহ | আমদানিকারক ও BIN | পণ্য ও ঘোষিত HS Code | সিদ্ধান্ত(সমূহ) | জারিকৃত কার্যবিবরণীর স্মারক নম্বরসমূহ ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ |